তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# বরিশাল ভার্সিটির ভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ১৮জন

■ বরিশাল অফিস

স্নাতক সম্মান প্রথম বর্ষে (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে) বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় আবেদন করেছে ২৪ হাজার ৩৯১ জন শিক্ষার্থী।

এতে প্রতি আসনের বিপরীতে ১৮ জন পরীক্ষার্থী ভর্তির জন্য প্রতিযোগিতা করবে। জানা গেছে, এবার ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনের সময়সীমা ৩০অক্টোবর রাত ১২টায় শেষ হয়েছে। নির্ধারিত সময়ে বিশ্ববিদ্যালয়ের ছয়টি অনুষদের অধীন ২০টি বিভাগের জন্য এই আবেদন করেছে শিক্ষার্থীরা। এসব বিভাগে মোট আসন রয়েছে এক হাজার ৩৫০টি। আর এর বিপরীতে ২৪ হাজার ৩৯১ জন শিক্ষার্থী আবেদন করেছে। তবে এর আগে ১৮টি বিভাগের সাথে এবার কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও দর্শন বিভাগ যুক্ত হয়েছে।

জানা গেছে, দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে সর্বপ্রথম বরিশাল বিশ্ববিদ্যালয়েই শিক্ষার্থীদেরকে প্রচলিত 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হচ্ছে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সুবিধার্থে আসন্ন ভর্তি পরীক্ষায় এ ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন।

তবে স্ব-স্ব ইউনিটে পরীক্ষা দেয়ার মাধ্যমে শাখা পরিবর্তন ফি প্রদান সাপেক্ষে শিক্ষার্থীদের অন্য ইউনিটের বিভাগসমূহে ভর্তির সুযোগ থাকবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১৮ নভেম্বর সকাল ১০টা থেকে ১১টা এবং 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা একইদিন বিকেল তিনটা থেকে চারটা পর্যন্ত। এছাড়া 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ১৯ নভেম্বর বেলা ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত। ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েব সাইটে পাওয়া যাবে।